

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, কক্সবাজার



কক্সবাজার জেলা আইসিটি বিষয়ক কমিটির ফেব্রুয়ারি-২০২১ খ্রি. মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ মামুনুর রশীদ জেলা প্রশাসক
সভার তারিখ	১৫.০২.২০২১ খ্রিষ্টাব্দ
সভার সময়	বেলা ১২:৪০০ ঘটিকা
স্থান	জেলা প্রশাসকের কার্যালয়ের শহীদ এটিএম জাফর আলম সম্মেলন কক্ষ, কক্সবাজার।
উপস্থিতি	পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত


সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) জনাব মোঃ আমিন আল পারভেজ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং জেলা পর্যায়ের বিভিন্ন সরকারি দপ্তরের ওয়েব পোর্টাল এর বর্তমান অবস্থা তুলে ধরেন। কর্মকর্তার তালিকা, কর্মচারীর তালিকা, তথ্য প্রদানকারী কর্মকর্তা, অভিযোগ নিষ্পন্নকারী কর্মকর্তা, অনিক ও আপীল কর্মকর্তা, সেবাবক্স, সেবার তালিকা ও প্রয়োজনীয় তথ্য না থাকার বিষয়ে সভায় উপস্থিত সবাইকে অবগত করেন। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি মহোদয় সভাইকে অবহিত করেন যে, সত্যিকার অর্থে ডিজিটাল বাংলাদেশ নির্মাণের লক্ষ্যে সরকার নিরলস চেষ্টা করে যাচ্ছে। এক সময় পরীক্ষা রেজাল্ট পেতে যেখানে খুবই কষ্ট হত, সেখানে এখন ঘরে বসেই রেজাল্ট পাওয়া যায় এবং প্রয়োজনীয় বিভিন্ন ফরম পূরণ ঘরে বসেই করা যায়। মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে মানুষ নিজেদের মধ্যে সহজেই টাকা আদান প্রদান করতে পারে। এসব কিছু সম্ভব হয়েছে ডিজিটাল তথ্য প্রযুক্তি ব্যবহারের ফলে। তাছাড়া তিনি জানান জেলা আইসিটি কমিটির সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সরকারের সকল দপ্তরের কর্মকর্তাদের আন্তরিকতার সাথে এগিয়ে আসতে হবে। দেশের প্রতিটি জেলা ও উপজেলা পর্যায়ে ই-ফাইলিং কার্যক্রম চালুর মাধ্যমে দ্রুত সেবা প্রদান নিশ্চিত করার প্রক্রিয়া চলমান রয়েছে। ইতোমধ্যে বিভিন্ন সরকারি অফিসে ব্যবহৃত ওয়েব পোর্টালে তথ্য হালনাগাদ করার লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের বিশেষ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ ক্ষেত্রে সরকারের গৃহীত কর্মসূচী বাস্তবায়নে সচিবালয় নির্দেশমালা যথাযথভাবে অনুসরণ করার বিষয়টি সকল সরকারি অফিসের বিভাগীয় প্রধানদের নিশ্চিত করতে হবে। তিনি সকল সরকারি দপ্তরের স্ব স্ব ওয়েব পোর্টাল বাংলা ও ইংরেজি ভার্সন হালনাগাদকরণের উপর গুরুত্বারোপ করেন এবং ওয়েব পোর্টালের লিংকসমূহে তথ্য আপলোড দিয়ে হালনাগাদকরণে সকলের সক্রিয় অংশগ্রহণ কামনা করেন। অতঃপর সভায় আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	সকল সরকারি দপ্তরসমূহের ওয়েব পোর্টাল হালনাগাদকরণের গতি বৃদ্ধি করতে হবে। বাংলা ও ইংরেজি উভয় ভাষাতেই তথ্যসমূহ আপলোড করতে হবে। ওয়েব পোর্টাল ১০০% হালনাগাদ রাখতে হবে, কর্মকর্তা, কর্মচারীর তালিকা ও সেবাবক্সে অনিক ও আপীল কর্মকর্তা, ইনোভেশন ও এপিএ সংক্রান্ত তথ্য নিয়মিত হালনাগাদ রাখতে হবে।	১. অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) ২. সহকারী কমিশনার, আইসিটি, কক্সবাজার ৩. প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, কক্সবাজার

২	উপজেলা নির্বাহী অফিসারগণ তাঁদের নিজেদের দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করে এ অফিসকে অবহিত করবেন। এছাড়া উপজেলা পর্যায়ের দপ্তরসমূহের ওয়েব পোর্টাল হালনাগাদ করতে সংশ্লিষ্টদের উৎসাহিত করবেন।	১. উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২. সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, কক্সবাজার(সকল)
৩	সকল সরকারি অফিস নোটিশ ও পত্র যোগাযোগ ই-মেইলে প্রেরণ ও ওয়েব সাইটে প্রকাশ (নোটিশ বোর্ড) নিশ্চিত করবেন। ই-মেইল নীতিমালা অনুসরণ করবেন।	১. সকল বিভাগীয় প্রধান ২. সহকারী কমিশনার, আইসিটি, কক্সবাজার ৩. প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, কক্সবাজার
৪	যে সকল অফিস ই-ফাইলিং এর অন্তর্ভুক্ত করা হয়েছে সে সকল অফিস সচিবালয় নির্দেশমালা-২০১৪ এর ১৫(১)(ক), ১৫(১)(গ) এবং ১৬ নম্বর নির্দেশসমূহ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৫ উল্লিখিত ই-নথি বাস্তবায়নের নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক আবশ্যিকভাবে ই-নথি সিস্টেমের মাধ্যমে সরকারি/দাপ্তরিক পত্র নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। প্রয়োজনে জেলা পর্যায়ে প্রোগ্রামার ও উপজেলা পর্যায়ে সহকারী প্রোগ্রামারদের সহযোগিতা নিবেন।	১. সংশ্লিষ্ট সকল বিভাগীয় প্রধান ২. সহকারী কমিশনার, আইসিটি, কক্সবাজার ৩. প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, কক্সবাজার
৫	উপজেলা নির্বাহী অফিসারগণ ইউনিয়ন ডিজিটাল সেন্টারসমূহের তথ্য নিয়মিত প্রেরণের পাশাপাশি ইউডিসির উদ্যোক্তাদের নিয়ে ত্রৈমাসিক সভা আয়োজন করবেন এবং সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবেন।	১. উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২. সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, কক্সবাজার(সকল)
৬	উপজেলা নির্বাহী অফিসারগণ নিয়মিতভাবে আইসিটি কমিটির সভা আহ্বান করে সভার কার্যবিবরণী এ কার্যালয়ে ও উর্দ্ধতন কর্তৃপক্ষের বরাবরে প্রেরণ করবেন।	১. উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২. সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, কক্সবাজার(সকল)
৭	সকল সরকারি দপ্তর প্রধানগণ নিয়মিতভাবে ই-মেইল চেক করবেন, জেলা ওয়েব পোর্টাল(www.coxsazar.gov.bd) এর নোটিশ বোর্ড ভিজিট করবেন এবং সকল সরকারি যোগাযোগে ই-মেইলে প্রেরণ করবেন এবং ওয়েব সাইটে প্রকাশ করবেন।	সকল বিভাগীয় প্রধান
৮	উপজেলা নির্বাহী অফিসারগণ জেলা আইসিটি কমিটির সভায় নিয়মিতভাবে উপস্থিত থাকার বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করবেন	উপজেলা নির্বাহী অফিসার(সকল)
৯	শেখ রাসেল ডিজিটাল ল্যাব নিয়মিতভাবে পরিদর্শনের জন্য গঠিত কমিটি নিয়মিতভাবে শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন করবেন এবং উপজেলা নির্বাহী অফিসারগণ নিজ নিজ এলাকার শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন করে সকল শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত রাখার বিষয়টি নিশ্চিত করবেন।	১. অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি, কক্সবাজার ২. উপজেলা নির্বাহী অফিসার (সকল) ৩. জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার
১০	প্রত্যেক দপ্তরের যে কোন একটি শাখা পেপারলেস করতে হবে।	১. অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি, কক্সবাজার ২. উপজেলা নির্বাহী অফিসার (সকল) ৩. সকল বিভাগীয় প্রধান

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকলকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার

নিশ্চিত করার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ মামুনুর রশীদ
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ৫৬.০৪.২২০০.০০০.০৬.০০১.২০.৬৪

তারিখ: ২ চৈত্র ১৪২৭

১৬ মার্চ ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ২) পুলিশ সুপার, কক্সবাজার
- ৩) সিভিল সার্জন, কক্সবাজার
- ৪) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কক্সবাজার
- ৫) উপজেলা নির্বাহী অফিসার(সকল), কক্সবাজার
- ৬) জেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা শিক্ষা অফিস, কক্সবাজার
- ৭) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কক্সবাজার
- ৮) জেলা আইসিটি বিষয়ক কমিটির সদস্যবৃন্দ(সকল), কক্সবাজার



মো: সামছু উদ্দিন
প্রোগ্রামার